## <u>উপজেলা পরিষদ রাজৈর, মাদারীপুর এর নভেম্বর-২০২৪ খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ-</u>

সভাপতি : মোঃ মাহফুজুল হক
প্রশাসক, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
স্থান : উপজেলা পরিষদ কমপ্লেক্স।
তারিখ : ২৫-১১-২০২৪ খ্রি.
সময় : বেলা ১১.০০ ঘটিকা।

<u>উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।</u>

সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর সভা পরিচালনা করেন। উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান এবং কোনরূপ সংশোধনী থাকলে তা উপস্থাপনের জন্য সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করেন। বিগত সভার সিদ্ধান্ত সম্পর্কে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর সভায় নিম্নবর্ণিতভাবে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি বিভাগ। | উপজেলা কৃষি অফিসার, রাজৈর সভায় নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন<br><u>রবি-২০২৪-২০২৫ এর আবাদের তথ্যঃ</u><br>রোপা আমন ধান কর্তন-১৫০০ হে. বোরো ধান বীজতলা-০১ হে. সরিষা আবাদ-০২ হে. শাকসবজি- ৪০০ হে.<br><u>রবি-২০২৪-২০২৫ এর প্রনোদনার তথ্যঃ</u><br>গম, মুগ, সরিষা, খেসারী, মসুর, ভুট্টা, পেঁয়াজ, সূর্যমুখী, চিনাবাদাম=৪৩৮০ জন কৃষক।<br><u>সারের বরাদ্দঃ</u>- ইউরিয়া-৩২০ মে.টন, ডিএপি-৪০০ মে.টন, টিএসপি-৯২ মে.টন, এমওপি-১০০ মে.টন।<br>বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | মাঠে সার্বক্ষনিক কৃষকদের সাথে যোগাযোগ রাখতে হবে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা কৃষি অফিসার। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ। | উপজেলা স্বাস্থ্য ও প প কর্মকর্তা, রাজৈর বলেন বহি বিভাগে রোগীর সংখ্যা-১৩৯৪৫ জন, জরুরী বিভাগে রোগীর সংখ্যা ১৩৮৫ জন, আন্তঃ বিভাগে রোগীর সংখ্যা ১১১৩ জন, সিজারিয়ান রোগী-০২ জন, স্বাভাবিক ডেলিভারী ০৫ জন, দুর্ঘটনায় আহত চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা ৭৬জন, দুর্ঘটনায় মৃত্যুর সংখ্যা ০২ জন, হাসপাতালে মৃত্যুর সংখ্যা ০২ জন, শয্যা ব্যবহারের হার ১৩৯%, মৃত্যুর হার-০.২২%, রোগীর গড় অবস্থান ৩.৭৬ দিন, মোট ডেঙ্গু রুগী ১২১ জন, ইউনিয়ন সাব সেন্টারে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা ৩৩১২ জন, কমিউনিটি ক্লিনিকে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা ১৪২১৪ জন। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প প কর্মকর্তা। |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, রাজৈর বলেন গবাদি পশুর টিকা প্রদান-৪২০০ মাত্রা, হাঁস-মুরগির টিকা প্রদান-৩৫০০০ মাত্রা, গবাদিপশুর চিকিৎসা সেবা প্রদান-১৮৬৬ টি, হাঁস-মুরগির চিকিৎসা সেবা প্রদান-২১৫৬৫ টি, পোষা প্রাণীর চিকিৎসা প্রদান-১৪ টি, কৃত্রিম প্রজনন-৪৭৩ টি, সংকর জাতের বাছুরের তথ্য-১৯৯ টি, গবাদিপশুর খামার স্থাপন-০৪ টি, হাঁস-মুরগির খামার স্থাপন-০২, খামার পরিদর্শন-৯ টি, উঠান বৈঠকের আয়োজন-০৪ টি, উন্নত জাতের ঘাসের চাষ-০১.০০ একর। পৌরসভাসহ সকল ইউপিতে ০১ অক্টোবর-২৪ হতে ২৫ অক্টোবর-২৪ পর্যন্ত ১২৩৫০ টি ছাগল এবং ভেড়াকে ভলান্টিয়ার ভ্যাক্সিনেটরদের মাধ্যমে ১২৩৫০ মাত্রা পিপিআর রোগের টিকা প্রদান করা হবে। চলতি মাসে একটি ডিমের দোকান, একটি গবাদি পশু ও পোল্ট্রি খাদ্য বিক্রেতা ও একটি গবাদি পশু ও পোল্ট্রি ঔষধ বিক্রয়কারী প্রতিষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। দপ্তরের অন্যান্য সেবামূলক কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার। |

<table>
<tr><td>০৪</td><td>স্থানীয় সরকার বিভাগ (এলজিইডি)</td><td>উপজেলা প্রকৌশলী, রাজৈর সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরীণ রাস্তা, ড্রেন, সীমানা প্রাচীর ও বিভিন্ন ভবন অত্যন্ত ঝুঁকিপূর্ণ হওয়ায় জরুরীভিত্তিতে মেরামত/সংস্কার করা প্রয়োজন। উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন মোতাবেক বরাদ্দ পাওয়ার জন্য সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়ে পত্র প্রেরণের জন্য সভায় প্রস্তাব করেন।
<table>
<tr><th>প্রস্তাবিত খাতের নাম</th><th>প্রাক্কলিত বাজেট</th></tr>
<tr><td>উপজেলা পরিষদের অভ্যন্তরীণ রাস্তা ও ড্রেন মেরামত/সংস্কার</td><td>৪২৪২৭৫৮/-</td></tr>
<tr><td>উপজেলা পরিষদের পুরাতন অফিস ভবন মেরামত/সংস্কার</td><td>২২৪৩৬০৯/-</td></tr>
<tr><td>উপজেলা সম্প্রসারিত প্রশাসনিক ভবন মেরামত</td><td>১৬৭৮৭৫৩/-</td></tr>
<tr><td>উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন, অফিসার্স ডরমেটরী, অফিসার্স ক্লাব ও কর্মচারী ক্লাব মেরামত</td><td>৯৭৫৬৮৩/-</td></tr>
<tr><td>সর্বমোট=</td><td>৯১৪০৮০৩/-</td></tr>
</table>
উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে টেন্ডারকৃত ৫নং প্যাকেজের ২ নং প্রকল্পটি ভুলক্রমে "পশ্চিম রাজৈর মধ্যপাড়া মসজিদ সংলগ্ন পুকুরের ঘাটলা নির্মাণ" লেখা হয়েছে। এমতাবস্থায় উক্ত প্রকল্পটি সংশোধন পূর্বক "পশ্চিম রাজৈর উত্তরপাড়া মসজিদ সংলগ্ন পুকুরের ঘাটলা নির্মাণ" এবং ৩নং প্যাকেজের ৯ নং প্রকল্পটি ঠিকাদার কর্তৃক বাস্তবায়ন করতে গিয়ে দেখা যায় বরাদ্দকৃত অর্থে উক্ত কাজ বাস্তবায়ন করা সম্ভব নয়। এ কারনে উক্ত প্রকল্পটির পরিবর্তে মজুমদারকান্দি সাংবাদিক নাজমুল হোসেনের বাড়ির রাস্তা ইটের সোলিং কাজ বাস্তবায়নের প্রস্তাব করেন। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে।</td><td>উপজেলা প্রকৌশলীর প্রস্তাব সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে।</td><td>উপজে[illegible] প্রকৌশল[illegible] (</td></tr>
<tr><td>০৫</td><td>ত্রাণ ও পুনর্বাসন শাখা</td><td>কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি।</td><td>নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে।</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।</td></tr>
<tr><td>০৬</td><td>উপজেলা মৎস্য বিভাগ।</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, দেশীয় প্রজাতীর মাছ এবং শামুক সংরক্ষণ প্রকল্পের আওতায় ১৪ টি সরকারি/প্রাতিষ্ঠানিক পুকুর এবং উন্মুক্ত জলাশয়ে ২৫৮১ কেজি রুই জাতীয় মাছের পোনা এবং ১৯৫.১৩ কেজি দেশীয় প্রজাতীর মাছের পোনা বিতরণ/উন্মুক্ত করা হয়েছে। মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে উপজেলা প্রশাসনের সহযোগিতায় নিয়মিত অভিযান পরিচালিত হচ্ছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে।</td><td>মাছের উৎপাদন বৃদ্ধি করতে প্রয়োজনীয় সকল সহযোগিতা করতে হবে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে।</td><td>উপজেলা মৎস্য অফিসার।</td></tr>
<tr><td>০৭</td><td>উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ।</td><td>উপজেলা শিক্ষা অফিসার, রাজৈর সভায় জানান যে, অনলাইনে তথ্য যাচাই-বাছাই করে উপবৃত্তির কার্যক্রম শুরু হবে। বিভিন্ন বিদ্যালয়ের নিজস্ব জমি সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নামে নামজারী করার জন্য ইউনিয়ন ভূমি অফিসে যোগাযোগ করাসহ কিন্ডারগার্টেনসহ সকল সপ্রাবির নতুন বছরের বইয়ের চাহিদা অনুযায়ী অনলাইনে আবেদন করার জন্য সকল প্রধান শিক্ষককে নির্দেশ প্রদান করা হয়েছে। বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিবন্ধনের জন্য সংশ্লিষ্ট সকলকে তৎপর হওয়ার অনুরোধ করা হয়। দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনাসহ স্কুল কেন্দ্রিক সকল ধরনের উন্নয়ন কার্যক্রম ও স্কুল পরিদর্শন করে উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর বরাবরে নিয়মিত প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হয় এবং করতে হবে।</td><td>উপজেলা শিক্ষা অফিসার।</td></tr>
<tr><td>০৮</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ।</td><td>কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি।</td><td>নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে।</td><td>উপজেলা মাঃ শিক্ষা অফিসার।</td></tr>
<tr><td>০৯</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিস।</td><td>কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি।</td><td>নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার।</td></tr>
<tr><td>১০</td><td>উপজেলা সমাজসেবা অফিস।</td><td>কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি।</td><td>নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে।</td><td>উপজেলা সমাজসেবা অফিসার।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস (বি.আর.ডিবি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজের সভায় বলেন যে, লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিত সমিতি/দলগঠন ০৩ টি, সদস্য/সদস্যা ভর্তি মাসে-৫৭ জন বছরে-৮৭ জন, শেয়ার আদায়-০.১৬ টাকা, বছরে ০.৩০ টাকা, সঞ্চয় আদায় মাসে-৯.৪৯ লক্ষ টাকা, বছরে ৩১.৫২ লক্ষ টাকা, ঋণ বিতরণ মাসে-২২৬.৪৮ লক্ষ টাকা, বছরে ৭৭৫.৬০ লক্ষ টাকা, ঋণ আদায় মাসে-২০০.১৭ লক্ষ টাকা, বছরে ৬৮২.৭৬ লক্ষ টাকা। এছাড়া প্রশিক্ষণ কার্যক্রম চলমান।<br>প্রকল্প গ্রহণ- মৎস্য চাষ- ১২০ টি, গরু মোটাতাজাকরণ- ৯২ টি, হাঁস মুরগি পালন- ১৪৫ টি, সবজি চাষ- ১৬৯ টি, ক্ষুদ্র ব্যবসা- ১৭৯ টি ও কৃষি কাজ- ১৩৮ টি। সর্বমোট-৮৪৩ টি। ১। সিভিডিপি প্রকল্পের সঞ্চয় জমা কার্যক্রম চলমান ও প্রশিক্ষণের জন্য অবহিতকরণ। ২। সিভিডিপি প্রকল্পের আইজিএ ও দক্ষতামূলক প্রশিক্ষণ চলমান আছে। সমবায়ীদের প্রশিক্ষণ কার্যক্রম চালু করার জন্য অফিস সংলগ্ন পরিত্যক্ত প্রশিক্ষণ রুমটি পুনরায় নির্মাণ করা জন্য অনুরোধ করেন। অফিসে যাতায়াতের রাস্তাটি বর্ষাকালে পানিতে ডুবে যায়। একারনে কর্মকর্তা/কর্মচারীসহ সেবা প্রত্যাশিদের যাতায়াতে অসুবিধা হয়। রাস্তাটি উঁচু করে আরসিসি করার জন্য অনুরোধ করা হয়। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | মাঠে খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার। |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে চলমান মাস পর্যন্ত ১০০০০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে নভেম্বর মাসে ০২ টি ব্যাচে ৬০ জন যুব ও যুব মহিলাদের প্রশিক্ষণ চলমান রয়েছে এবং চলতি মাস পর্যন্ত ১৮০ জন যুব ও যুব মহিলাদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বর্তমান মাসে যুব ঋণ আদায় ৯২%। ইমপ্যাক্ট প্রকল্পের আওতায় যুব কার্যক্রম চলমান রয়েছে। সামাজিক কর্মকান্ডে যুবদের ভূমিকা শীর্ষক কর্মশালা সম্পন্ন করা হয়েছে। চলমান খেলাপী ঋণ আদায় অব্যাহত রয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে। | সকল প্রকার প্রশিক্ষণ যাতে সুষ্ঠু ভাবে সম্পন্ন হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং ঋণ প্রদানের পূর্বে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানেরদের সাথে আলোচনা করে এবং সঠিক তদারকির মাধ্যমে যুব/যুব মহিলাদের মাঝে ঋণ বিতরণের ব্যবস্থা নিতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার। |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ। | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজের সভায় বলেন যে, বিভাগীয় কেন্দ্রীয় ০২ টি, বিভাগীয় প্রাথমিক ১২৮টি, পল্লউন্নয়ন কেন্দ্রীয় ০১টি ও পল্লউন্নয়ন প্রাথমিক ১৭৯টি সমবায় সমিতি রয়েছে। এ সকল সমিতির মধ্যে অডিট বরাদ্দ রয়েছে ৯৫টি, অডিট সম্পন্ন-৪৪ টি। মোট অডিট ফি ধার্য হয়েছে ৬২২০০/- টাকা এবং অডিট আদায় ৬২২০০/- টাকা। সমবায় উন্নয়ন তহবিলে ধার্য ৬৫৫৩৯/- এবং আদায় ৬৫৫৩৯/- টাকা। গঙ্গাবর্দি আশ্রয়ন প্রকল্প (ফেইজ-২)তে ঋণ বিতরণ-৪৭৫০০০/- টাকা, আদায়-৩৮৫২৫০/- টাকা, সার্ভিস চার্জ আদায়-২৬১৬০/- টাকা এবং ঋণ পাওনা ৮৯৭৫০/- টাকা। দুগ্ধ প্রকল্পে মোট ঋণ বিতরণ (লক্ষ টাকায়)-৪৮০.০০, ঋণ আদায়যোগ্য-৪৫৫.৭৬, আদায়যোগ্য হয়নি-২৪.২৪, ঋণ আদায়-২৮৮.৭৭ এবং সার্ভিস চার্জ আদায়-৩৭.৫০/- টাকা। দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় কার্যক্রমে প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। এ দপ্তরে জনবল সংকট রয়েছে। তাছাড়া গঙ্গাবর্দী আশ্রয়ন প্রকল্প (ফেইজ-২) ব্যারাকের অবস্থা খুবই খারাপ। সামান্য বৃষ্টি হলেই ঘরের ভিতর পানি পড়ার কারনে বসবাসকারীগণ মানবেতর জীবনযাপন করছে। ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ঋণ প্রদানের পূর্বে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানেরদের সাথে আলোচনা করে এবং সঠিক তদারকির মাধ্যমে ঋণ বিতরণের ব্যবস্থা নিতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম আরো বৃদ্ধি করতে হবে। | উপজেলা সমবায় অফিসার। |
| ১৪ | উপজেলা নির্বাচন অফিস। | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার। |
| ১৫ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৬ | উপজেলা বন বিভাগ। | উপজেলা বন কর্মকর্তা, রাজের সভায় জানান যে, জলাবদ্ধতা নিরসন ব্যাপক পরিমান চারা উৎপাদন এবং চাহিদা মোতাবেক ফলজ, বনজ ও ঔষধী গাছের চারা উত্তোলন করার স্বার্থে উপজেলা পরিষদের অভ্যন্তরের সামাজিক বনায়ন ও নার্সারী কেন্দ্রে ১৪০০০ ঘনফুট মাটি ভরাট করা প্রয়োজন দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা। |

<table>
<tr>
<td>১৭</td>
<td>উপজেলা খাদ্য বিভাগ।</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজৈর সভায় জানান যে, টেকেরহাট খাদ্য গুদামের খাদ্য শস্যের প্রারম্ভিক মজুদ- ক) চাল ঃ ৫১৮৬.৩২০ মেঃ টন, খ) গম ঃ ৯৮৭.০৬১ মেঃ টন, গ) খালিবস্তা ঃ ৮৪৪৫২ খানা। সারাদেশের ন্যায় রাজৈর উপজেলা ২০২৪-২৫ মৌসুমে অভ্যন্তরীণভাবে সরকার ৩,৭২০,০০০ মেঃ টন আমন সিদ্ধ চাল এবং ২৬১,০০০ মেঃ টন আমন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। এ বছর ম্যানুয়ালি এবং কৃষকের অ্যাপে অর্থাৎ উভয় ভাবে ধান ক্রয় করা হবে। আগে আসলে আগে পাবেন ভিত্তিতে এ কার্যক্রম পরিচালিত হবে। তবে কৃষি অফিস কর্তৃক প্রদেয় উপজেলা সংগ্রহ কমিটির অনুমোদিত তালিকায় উল্লেখিত কৃষকের মধ্য হতে ২৮/০২/২০২৫ খ্রিঃ পর্যন্ত ধান ক্রয় কার্যক্রম পরিচালিত হবে। সেপ্টেম্বর/২৪ মাস হতে খাদ্যবান্ধব কর্মসূচি চালু হয়েছে। সেপ্টেম্বর, অক্টোবর এবং নভেম্বর/২৪ এ তিন মাস চলমান রয়েছে। অক্টোবর/২৪ মাসের খাদ্যবান্ধব কর্মসূচীর চাল সঠিক ভাবে বিক্রয় কার্যক্রম পরিচালিত হয়েছে। গত মাসের ন্যায় এ মাসেও পুষ্টি মিশ্রিত চাল ভোক্তাদের মাঝে বিক্রয় করা হবে। এ উপজেলায় খাদ্যবান্ধব কর্মসূচির সর্বমোট ভোক্তার সংখ্যা ৬৯৮১ জন। এদের মধ্যে চলতি মাসে উপকারভোগীর সংখ্যা ৬৯৬২জন। অবশিষ্ট ১৯ জন বিভিন্ন কারণে অযাচাইকৃত/ বাতিল রয়েছে। নভেম্বর/২৪ মাসে টিসিবি ডিলারের মাধ্যমে অন্যান্য পণ্যের সাথে ওএমএস কার্যক্রমের আওতায় ভোক্তা প্রতি ০৫ কেজি হারে ৩০ টাকা দরে আগামী ৩০/১১/২০২৪ খ্রি. চাল বিক্রয় কার্যক্রম পরিচালিত হবে। উক্ত কার্যক্রমে রাজৈর উপজেলায় ১২,৭৪০জন ভোক্তার মাঝে (১২,৭৪০×৫)= ৬৩.৭০০ মেঃ টন চাল বিলিবিতরণ করা হয়। রাজৈর পৌরসভায় ১১ জন এবং ইউনিয়ন পর্যায়ে ১৩ জন টিসিবি ডিলারের মাধ্যমে এ কার্যক্রম পরিচালিত হচ্ছে। ওএমএস এবং খাদ্যবান্ধব ডিলারদের মাধ্যমে টিসিবির ডিলারদের চাল সরবরাহ করা হয়। রাজৈর উপজেলায় ১২টি ইউনিয়নে ভিডব্লিউবি কর্মসূচীর আওতায় কার্ডের মাধ্যমে মোট ১৬৯৮ জন মহিলাকে প্রতি মাসে ৩০কেজি হারে চাল বিলিবিতরণ করা হয়। নভেম্বর/২৪ মাসের ভিডব্লিউবি খাতে চাল সুন্দরভাবে বিলিবিতরণ সম্পন্ন হয়েছে। সারাদেশের ন্যায় রাজৈর উপজেলায় ওএমএস ডিলার নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। অতিসত্তর এ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হবে বলে আশা করা হচ্ছে। খাদ্যবান্ধব ডিলার নিয়োগের পূর্বে ইউনিয়নের বিক্রয়কেন্দ্রগুলো পুনরায় নির্ধারণ করা প্রয়োজন। এ বিষয়ে স্ব স্ব ইউনিয়নের চেয়ারম্যানবৃন্দ খাদ্যবান্ধবের বিক্রয়কেন্দ্র নির্ধারণ বিষয়ে নিম্ন লিখিত বিক্রয় কেন্দ্রের জন্য প্রস্তাব করেন।
<table>
<tr><th>ইউনিয়নের নাম</th><th>ওয়ার্ড নং</th><th>বিক্রয় কেন্দ্র</th></tr>
<tr><td>পাইকপাড়া</td><td>১,২,৩,৪,৫</td><td>সাজ্জিরাবাদ বাজার</td></tr>
<tr><td>,,</td><td>৫,৬,৭,৮,৯</td><td>ফুলতলা বাজার</td></tr>
<tr><td>হোসেনপুর</td><td>১,২,৩,৪,৫</td><td>নাগরদী বাজার</td></tr>
<tr><td>,,</td><td>৫,৬,৭,৮,৯</td><td>হোসেনপুর বাজার</td></tr>
<tr><td>কবিরাজপুর</td><td>১,২,৪,৫,৬</td><td>পাখুলপাড়া</td></tr>
<tr><td>,,</td><td>৩,৬,৭,৮,৯</td><td>কবিরাজপুর বাজার</td></tr>
<tr><td>ইশিবপুর</td><td>১,২,৩,৪,৫</td><td>ইশিবপুর বাজার</td></tr>
<tr><td>,,</td><td>৫,৬,৭,৮,৯</td><td>শাখারপাড় বাজার</td></tr>
<tr><td>বদরপাশা</td><td>১,২,৩,৪,৫</td><td>নয়ানগর বাজার</td></tr>
<tr><td>,,</td><td>৫,৬,৭,৮,৯</td><td>গোপালগঞ্জ বাজার</td></tr>
<tr><td>খালিয়া</td><td>১,২,৩,৪,৫</td><td>খালিয়া বাজার খোলা</td></tr>
<tr><td>,,</td><td>৫,৬,৭,৮,৯</td><td>সাতপাড় বাজার</td></tr>
<tr><td>রাজৈর</td><td>৮,৯</td><td>চৌয়ারীবাড়ী বাজার</td></tr>
<tr><td>বাজিতপুর</td><td>১,২,৩,৪,৫</td><td>বাজিতপুর বাজার</td></tr>
<tr><td>,,</td><td>৫,৬,৭,৮,৯</td><td>শাখিয়া শরীফ বাজার</td></tr>
<tr><td>আমগ্রাম</td><td>১,২,৩,৪,৫</td><td>আমগ্রাম বাজার</td></tr>
<tr><td>,,</td><td>৫,৬,৭,৮,৯</td><td>আমগ্রাম বাজার</td></tr>
<tr><td>কদমবাড়ী</td><td>১,২,৩,৪,৫</td><td>কদমবাড়ী বাজার</td></tr>
<tr><td>,,</td><td>৫,৬,৭,৮,৯</td><td>আদুয়াকান্দি বাজার</td></tr>
<tr><td>হরিদাসদী মহেন্দ্রদী</td><td>সকল ওয়ার্ড</td><td>কালিবাড়ী বাজার</td></tr>
</table>
রাজৈর উপজেলার বিভিন্ন ইউনিয়নে ফুড গ্রেইন লাইসেন্স করনের কার্যক্রমসহ অন্যান্য কার্যাবলী স্বাভাবিকভাবে চলমান আছে।</td>
<td>দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে।</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর। | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| ১৯ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা। |
| ২০ | উপজেলা হিসাবরক্ষন অফিস। | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা। |
| ২১ | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি। |
| ২২ | বিদ্যুৎ বিভাগ। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, টেকেরহাট, বলেন ২০২৩-২০২৪ অর্থ বছরে লাইন নির্মাণ-ক্রমপুঞ্জিত-২.৩৬ কিঃ মিঃ (২) নতুন গ্রাহক সংযোগ (সেপ্টেম্বর-২৪)ঃ- আবাসিক-১২৮ টি, বানিজ্যিক-৩২ টি ও দাতব্য প্রতিষ্ঠান-২ টি, অটো চার্জ স্টেশন-১, অন্যান্য-০৪, গ্রাহক সংযোগ (ক্রমপুঞ্জিত)-৭৬৯৮৬ জন,বিদ্যুতায়িত গ্রাম-১৮৬, বিদ্যুতায়নের হার-১০০%, গ্রাহক সেবায় পল্লী বিদ্যুতের ০১ টি উঠান বৈঠক করা হয়েছে। সরকারি আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের নিকট বকেয়া বিদ্যুৎ বিল ২৮৪২৩৩৮/- টাকা। | নিয়মিত বিদ্যুৎ সরবরাহসহ বকেয়া আদায় করতে হবে। ভুতুরে বিল যাতে না হয় এবং কোন গ্রাহক হতে অহেতুক হয়রানির অভিযোগ না আসে সেদিকে লক্ষ্য রাখতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, টেকেরহাট |
| ২৩ | পল্লী সঞ্চয় ব্যাংক। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজৈর সভায় জানান যে, উপজেলায় ব্যাংকে মোট ২২২টি সমিতিতে ১০১৩৪ জন। সদস্যদের জীবনমান উন্নয়নের লক্ষে নিজস্ব সঞ্চয়ের মাধ্যমে পুঁজি গঠন, সরকার প্রদেয় উৎসাহ বোনাস ও ঘূর্ণায়মান ঋণ তহবিলের মাধ্যমে ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়। বর্তমান মাসে সঞ্চয় আদায়ের পরিমান ৪৯৭০০০/- ও ঋণ আদায়ের পরিমান ১০১৯৩০০০/- ও ঋণ প্রদানের পরিমান ৯০৮৫০০০/-। ইউনিয়ন পর্যায়ে সদস্য ভর্তি চলমান। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ঋণ প্রদানের পূর্বে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানেরদের সাথে আলোচনা করে এবং সঠিক তদারকির মাধ্যমে ঋণ বিতরণের ব্যবস্থা নিতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২৪ | উপজেলা পাট পরিদর্শক | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা। |
| ২৫ | উপজেলা দারিদ্র বিমোচন অফিস। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, চলতি অর্থ বছরে মোট সমিতি-লক্ষমাত্রা ৭৩ অর্জন ৭১ টি, মোট সদস্য লক্ষমাত্রা-২০০০ জন, অর্জন ২১০৮ জন, ঋণী সদস্য সংখ্যা লক্ষমাত্রা-৭৫০ জন, অর্জন ৬৬৫ জন, চলতি বছরে ঋণ বিতরণ লক্ষমাত্রা-৩১০.০০ লক্ষ, অর্জন ৯০.৩০ লক্ষ, চলতি বছরে ঋণ আদায়-৩৪০.৮২ লক্ষ, অর্জন ৯৪.৪২ লক্ষ, মোট খেলাপি (ক্রমপুঞ্জিত)-৪২.০২ লক্ষ, ঋণ মাঠে পাওনা লক্ষমাত্রা-২০২.৭৩ লক্ষ, আদায়ের হার ঋণ-৯৫%, সদস্য প্রশিক্ষণঃ আয়বৃদ্ধিমূলক কর্মকান্ড লক্ষমাত্রা ২০০ জন, চলতি বছর অর্জন ৭৫ জন (সমিতি পর্যায়ে), পুঁজি গঠন (ক্রমপুঞ্জিত)-৯৮.২৭ লক্ষ। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নসহ ঋণ আদায়ে তৎপরতা আরো বৃদ্ধি করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার। |
| ২৬ | বিবিধ আলোচনা। | (ক) প্রশাসক, উপজেলা পরিষদ, রাজৈর বলেন রাজৈর উপজেলায় জন্মনিবন্ধন হার মাত্র ৩৮% যা অত্যান্ত খারাপ। ইউপি সদস্য ও গ্রাম পুলিশের সহায়তায় জন্ম নিবন্ধন করার জন্য অনুরোধ করেন। আইভিভুক্ত রাস্তা, কমিউনিটি ক্লিনিক ও স্থাপনা নিয়মিত পরিদর্শন করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। ঋণ প্রদানের পূর্বে ইউপি চেয়ারম্যানদের সাথে আলোচনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।<br>(খ) চেয়ারম্যান, পাইকপাড়া ইউপি, রাজৈর বলেন চেয়ারম্যান বাড়ি জামে মসজিদ হতে উত্তর সাকিমবাল কিশরিয়া মাতুব্বরের বাড়ি ভায়া রোকন মোল্লার বাড়ি সংলগ্ন পাঁকা রাস্তা পর্যন্ত কার্পেটিং করার অনুরোধ করেন। শ্রীমন্তনী ফুট ব্রীজটি আনুমানিক ৪৫ বছর পূর্বে নির্মাণ করা হয়েছিল। ব্রীজটি বর্তমানে ঐ এলাকার জনগণের মাঝে মরণফাদ হয়ে দেখা দিয়াছে। সর্বসাধারণের স্বাভাবিক যাতায়াত রক্ষার্থে দ্রুত ব্রীজটি অপসারণ করার জন্য অনুরোধ করা হয়। চরপালিমবাল আশ্রয়ন প্রকল্পে বসবাসরতদের সুবিধার্থে আশ্রয়ন প্রকল্প সংলগ্ন কুমারনদীতে একটি ঘাটলা নির্মাণ করা প্রয়োজন। | (ক) প্রশাসকের প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, রাজৈরকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর ও সংশ্লিষ্ট সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (গ) চেয়ারম্যান, হোসেনপুর ইউপি, রাজৈর বলেন সরকারি ফি জমা প্রদানের পরও জনস্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক গভীর নলকূপ স্থাপন করা হচ্ছে না। নিরাপত্তার স্বার্থে হোসেনপুর ইউনিয়ন পরিষদের সীমানা প্রাচীর নির্মাণ করা প্রয়োজন। অনতিবিলম্বে তাঁতীকান্দা ২নং ব্রীজ হতে হিন্দুপাড়া পর্যন্ত ৬০০ মি. রাস্তাটি মেরামত/সংস্কার করা প্রয়োজন। | (গ) ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | |
| | | (ঘ) চেয়ারম্যান, কবিরাজপুর ইউপি, রাজৈর বলেন শ্রীকৃষ্ণদী সপ্রাবির রাস্তাটি অবিলম্বে মেরামত/সংস্কার করা অনুরোধ করেন। | (ঘ) ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | |
| | | (ঙ) চেয়ারম্যান, ইশিবপুর ইউপি, রাজৈর বলেন মস্তফাপুর হতে শাখারপাড় পর্যন্ত রাস্তাটি দ্রুত মেরামত/সংস্কার করার অনুরোধ করেন | (ঙ) ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | |
| | | (চ) চেয়ারম্যান, বদরপাশা ইউপি, রাজৈর বলেন নিরাপত্তার স্বার্থে রাজন্দি ঘারানিয়া কমিউনিটি ক্লিনিকের সীমানা প্রাচীর নির্মাণ করা প্রয়োজন। বিভিন্ন দপ্তরের ঋণ কার্যক্রম সচল রাখতে ঋণ প্রদানের পূর্বে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের সাথে আলোচনা করার জন্য অনুরোধ করেন। | (চ) ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | |
| | | (ছ) চেয়ারম্যান, আমগ্রাম ইউপি, রাজৈর বলেন আমগ্রাম কৃষ্ণমোড় পাঁকা রাস্তা হতে আওলাদ মিয়ার বাড়ি হয়ে সোহেল কাজীর বাড়ি পর্যন্ত রাস্তা মেরামত-২০০০০০/- (দুই লক্ষ) টাকার প্রকল্পটি বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন। | (ছ) ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | |
| | | সভাপতি- কৃষ্ণকান্ত সরদার, ইউপি সদস্য, আমগ্রাম ইউপি, রাজৈর<br>সম্পাদক- সুভাষ চন্দ্র সরকার, চেয়ারম্যান, আমগ্রাম ইউপি, রাজৈর | | |
| | | (জ) সভাপতি, দ্রুপক, রাজৈর সভায় জানান যে, টেকেরহাটের কুমার নদীর উৎস মুখ উন্মুক্ত করার জন্য প্রশাসক, রাজৈর পৌরসভাকে অনুরোধ করা হয়। খাল খননের কারনে কদমবাড়ি হাই স্কুলের সামনের রাস্তা ভেঙ্গে পড়ে যাতায়াতের অনুপযোগি হয়ে পড়েছে। দ্রুত রাস্তাটি মেরামত/সংস্কার করার অনুরোধ করেন। ভবিষ্যতে খাল খননের কারনে রাস্তার ক্ষতি না হয় সেদিকে লক্ষ রাখার অনুরোধ করেন। রাজৈরে কৃষি পণ্য রক্ষনাবেক্ষণ করার জন্য একটি কোল্ড স্টোরেজ নির্মাণের জন্য অনুরোধ করা হয়। | (জ) ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ [illegible]) ২৫/১১/২৪
প্রশাসক
উপজেলা পরিষদ
রাজৈর, মাদারীপুর।

স্মারক নং-০৫.৪১.৫৪৮০.০০০.০৮.০০১.১৪- ৭৬৬
তারিখঃ ২৫-১১-২০২৪ খ্রি.

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো)ঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৩। সিনিয়র সহকারী সচিব, জেলা প্রশাসন-২ শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। প্রশাসক, রাজৈর পৌরসভা, মাদারীপুর।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। উপজেলা আইসিটি অফিসার, রাজৈর (তাকে কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০২। উপজেলা ............................................ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৩। চেয়ারম্যান (সকল), ................................... ইউনিয়ন পরিষদ, রাজৈর।
০৪। অফিস কপি।

(মোঃ [illegible]) ২৫/১১/২৪
উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর।